মেহেরপুরের আমঝুপিতে গ্লোবাল অ্যাকশন উইক উদযাপন

গ্লোবাল অ্যাকশন উইক ২০২৫ উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই সভার আয়োজন করে।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা) শেখ তৌহিদুল কবীর। বিশেষ অতিথি ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনরুল ইসলাম এবং উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সভাপতি ইসমাইল হোসেন, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রহমান এবং ইউপি সদস্য জেসমিন আরা। কী-নোট পেপার পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা।

আলোচনায় বিদ্যালয় সংকটকালে শিক্ষাকে এগিয়ে নিতে জীবনব্যাপী শিক্ষার বার্তা জোরদারকরণ, বিদ্যালয়ের সুরক্ষায় শিক্ষকদের সহায়তা ও অ্যাডভোকেসি করা এবং শিক্ষা খাতে সরাসরি শিক্ষার্থীদের শেখার কাজে অর্থ বিনিয়োগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেওয়া হয়।

সভা শুরুর আগে একটি বর্ণাঢ্য র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মদ।

ঝিনাইদহে শিক্ষার মানোন্নয়নে কমিউনিটি অ্যাকশন মিটিং

ঝিনাইদহে অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি)-এর উদ্যোগে রাউতাইল (রাউতাইল কমিউনিটি ক্লিনিকের পাশে) গতকাল (২৮ জানুয়ারি) মঙ্গলবার

সকালে একটি কমিউনিটি অ্যাকশন মিটিং অনুষ্ঠিত হয়েছে।

উল্লেখ্য, সচেতন নাগরিক কমিটি (সনাক) ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর অনুপ্রেরণায় গঠিত এসিজি আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয় ভিত্তিক একটি নাগরিক প্ল্যাটফর্ম।

স্থানীয় নাগরিকদের সহযোগিতায় এসিজি কর্তৃক আয়োজিত এই সভায় আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে স্থানীয় নাগরিকরা অংশগ্রহণ করেন। সনাক-এর মাধ্যমিক শিক্ষা উপকমিটির যুগ্ম আহ্বায়ক আহমেদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এসিজি সমন্বয়ক নুর হোসেন। এছাড়াও বক্তব্য রাখেন এরিয়া কো-অর্ডিনেটর মো. হুমায়ুন কবীর।

এলাকাবাসী ও অভিভাবকবৃন্দ সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন এবং তারা বিভিন্ন সমস্যা চিহ্নিত করার পাশাপাশি চিহ্নিত সমস্যার সমাধানের জন্য সুপারিশ উপস্থাপন করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ইয়েস ও এসিজি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইয়েসের দলনেতা মাজহারুল ইসলাম।